গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৮ – ৩০ জুন ২০১৯

# সূচিপত্র


| | |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| উপক্রমণিকা | ৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: কার্যক্রম, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৫ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতি | ১৬ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৮ |

## বিভাগীয় কমিশনার এর কার্যালয়, বরিশাল এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Divisional Commissioner's Office, Barishal)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছরের) প্রধান অর্জনসমূহ:**

রূপকল্প-২০২১ যথাসময়ে অর্জনে সরকারের গৃহীত পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নে বিভাগীয় প্রশাসন, বরিশাল নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাল্যবিবাহ নিরসন, জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, নারী নির্যাতন, মানসম্মত শিক্ষা, জাতীয় শুদ্ধাচার কৌশল ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কার্যক্রম ও সেমিনার আয়োজনের মাধ্যমে সেবাগ্রহীতাদের সচেতনতা বৃদ্ধিকরাসহ প্রতিষ্ঠানে সুশাসন আনয়ন করা সম্ভব হয়েছে। ৬টি জেলার শতাধিক বিদ্যালয়ে মাদকবিরোধী কাউন্সেলিং, বৃক্ষরোপন অভিযান ও ধূমপান বিরাধী সচেতনতামূলক অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে। বাল্যবিবাহ নিরসনে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরুপ কানাডিয়ান হাইকমিশন কর্তৃক বিভাগীয় কমিশনার, বরিশাল পুরস্কারে ভূষিত হয়েছেন। এছাড়া নারীর ক্ষমতায়নে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয় পর্যায়ে "জয়িতা অন্বেষণে বাংলাদেশ", ডিজিটাল বাংলাদেশ গঠনে উদ্ভাবনী মেলা, বিজ্ঞান মেলা, সৃজনশীল মেধা অন্বেষণে বাংলাদেশ, টেকসই দুর্যোগ ব্যবস্থপনার অংশ হিসেবে দুর্যোগ বিষয়ক জ্ঞান মেলা সফলভাবে সম্পন্ন করা হয়েছে। সোশ্যাল মিডিয়া সংলাপ ও হেল্পডেস্ক চালু করার মাধ্যমে নাগরিকদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। ই-ফাইলিং এর মাধ্যমে অফিসের দৈনন্দিন কার্যক্রম ত্বরান্বিতকরণ এবং কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে সমগ্র অফিসকে বায়োমেট্রিক হাজিরার আওতায় আনা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বিভাগীয় কমিশনারের কার্যালয় এর অফিস ভবনে পর্যাপ্ত জায়গা না থাকায় নাগরিক সেবা প্রত্যাশীদের জন্য বসার ও প্রক্ষালনের ভালো ব্যবস্থা নেই। ইন্টারনেটের ধীর গতির কারণে ই-ফাইলিং, ভিডিও কনফরেন্সিংসহ অনলাইন কার্যক্রম ব্যহত হচ্ছে। দক্ষ মানবসম্পদ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণের স্বল্পতা এবং কর্মচারীদের জন্য স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রের অভাব থাকায় পর্যাপ্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তিগত জ্ঞান, সরঞ্জামাদি এবং সেগুলো তদারকির জন্য কারিগরি জ্ঞান সম্পন্ন জনবলের অভাব রয়েছে। ভূমি সংক্রান্ত সেবা স্বল্প সময়ে প্রদান করাও অন্যতম একটি চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ এর কাঙ্খিত লক্ষ্য অর্জনে বিভাগীয় প্রশাসনের নানামুখী ভবিষ্যত পরিকল্পনা রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার তথা ই-নথি ব্যবস্থাপনার মাধ্যমে জনসেবা নিশ্চিতকরণ এবং উদ্ভাবনী উদ্যোগসমূহ সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে নাগরিক সেবার মান আরও বৃদ্ধিপূর্বক জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া হবে। ইন্টারনেটের ধীরগতি দূরীকরণের জন্য অত্র কার্যালয়ের ইন্টারনেটের মূল সার্ভার প্রতিস্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। ই-ভূমি সেবা প্রদানের জন্য One Stop Service এর মাধ্যমে ভূমি সেবাকে যুগোপযোগী ব্যবস্থাপনায় উন্নীতকরণ এর মাধ্যমে জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা বাস্তবায়িত হবে। এছাড়াও অফিসভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের প্রচেষ্টা অব্যাহত রাখা এবং দক্ষ মানব সম্পদ উন্নয়নে বিভাগীয় পর্যায়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার প্রচেষ্টা চালানো হবে। কর্মকর্তাদের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি বিবেচনাধীন আছে। সর্বোপরি এসকল ভবিষ্যত পরিকল্পনা বাস্তবায়নের মধ্য দিয়ে ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাঙ্খিত লক্ষ্য অর্জনে অত্র অফিস ভূমিকা রাখবে।

**২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের সকল উন্নয়নমূলক কার্যক্রমসমূহের কার্যকর সমন্বয় জোরদারকরণে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্তের ৯৩% বাস্তবায়ন;
- বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার ৯২% সিদ্ধান্ত বাস্তবায়ন;
- বিভাগীয় রাজস্ব সভার সিদ্ধান্তের ৯০% বাস্তবায়ন;
- জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভার ৯৫% সিদ্ধান্ত বাস্তবায়ন;
- বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত ১৯৫ জন কর্মকর্তা/কর্মচারীর জন্য তথ্য-প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব

এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) :

দক্ষ, গতিশীল, জনবান্ধব, উন্নয়নমুখী ও জবাবদিহিমূলক স্বচ্ছ জনপ্রশাসন।

### ১.২ অভিলক্ষ (Mission) :

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহার, সেবাদাতাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত জনসেবা নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

#### ১.৩.১ বিভাগীয় কমিশনারের কার্যালয় এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. বিভাগীয় পর্যায়ে সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের সকল উন্নয়নমূলক কার্যক্রমের কার্যকর সমন্বয় জোরদারকরণ
২. জনশৃঙ্খলা ও জননিরাপত্তা পরিস্থিতির উন্নয়ন
৩. ভূমি রাজস্ব ব্যবস্থাপনার গতিশীলতা আনয়ন ও দক্ষতা বৃদ্ধিকরণ
৪. সেবা প্রক্রিয়ায় তথ্য প্রযুক্তির ব্যবহার ও দক্ষ মানবসম্পদ উন্নয়ন
৫. স্থানীয় সরকার কার্যক্রম জোরদারকরণ
৬. দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশসমূহ:

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক সম্পদ ও ব্যবস্থাপনার উন্নয়ন
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলী (Functions) :

১. আন্তঃবিভাগীয় কর্মকান্ডের সমন্বয় এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়েনে সমন্বয়কারীর দায়িত্ব পালন;
২. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, ক্রীড়া, সংস্কৃতি, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;
৩. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতিদরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করার জন্য জেলা প্রশাসকদের নির্দেশনা প্রদান;
৪. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ;
৫. সামাজিক নিরাপত্তা ও দারিদ্র বিমোচনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, একটি বাড়ি একটি খামারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান ও কার্যকর সমন্বয় সাধন;
৬. বিভাগের রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;
৭. বিভিন্ন সামাজিক সমস্যা যেমন যৌন হয়রানি, নারী নির্যাতন, মাদক সেবন, চোরাচালান, যৌতুক, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ;
৮. বিভাগীয় নির্বাচনী বোর্ডের সভাপতি হিসেবে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ১৩ থেকে ১৬তম গ্রেডের এবং ডিআইজি, পুলিশ কমিশনার, বিভাগাধীন জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কার্যালয়ে ১৩ তম গ্রেডের কর্মচারী নিয়োগ প্রক্রিয়া পরিচালনা;
৯. বিভাগীয় পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন এবং এর মাধ্যমে বিভাগের ক্রীড়ার মানোন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
১০. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনার আওতায় অভিযোগ নিষ্পত্তি।
১১. পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা এবং এ সংক্রান্ত কাজের তদারকি, ডাটাবেজ তৈরি;
১২. ই-গর্ভনেন্স কার্যক্রম বাস্তবায়ন; সেবা পদ্ধতি সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, জেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ তদারকি, সোস্যাল মিডিয়া ব্যবহার এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি।

## সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **বিভাগীয় কমিশনারের কার্যালয় এর কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| (১) বিভাগীয় পর্যায়ে সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের সকল উন্নয়নমূলক কার্যক্রমের কার্যকর সমন্বয় জোরদারকরণ | ১৬ | [১.১] বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | [১.১.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ০৬ | ০৬ | ০৬ | | | | | ০৬ | ০৬ |
| | | [১.২] বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.২ ১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৪ | ৯০ | ৯০ | ৯৩ | ৯২ | ৯১ | ৯০ | ৮৮ | ৯৪ | ৯৫ |
| | | [১.৩] জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | [১.৩.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | | | | | ১২ | ১২ |
| | | [১.৪] জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.৪.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৪ | ৯০ | ৯২ | ৯৫ | ৯৪ | ৯৩ | ৯২ | ৮৮ | ৯৫ | ৯৫ |
| | | [১.৫] বিভাগীয় রাজস্ব সম্মেলন | [১.৫.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | | | | | ১২ | ১২ |
| | | [১.৬] নির্ধারিত সময়ে রিপোর্ট রিটার্ন প্রেরণ | [১.৬.১] প্রেরিত রিপোর্ট | % | ২ | ৯৫ | ৯৮ | ৯৮ | | | | | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (২) জনশৃঙ্খলা ও জননিরাপত্তা পরিস্থিতির উন্নয়ন | ১৬ | [২.১] বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান | [২.১.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ৬ | ৬ | ৬ | | | | | ৬ | ৬ |
| | | [২.২] বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [২.২.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৪ | ৮৭ | ৮৯ | ৯২ | ৯১ | ৯০ | ৮৯ | ৮৭ | ৯৫ | ৯৬ |
| | | [২.৩] চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্স সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [২.৩.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৩ | ৮৫ | ৮৭ | ৯০ | ৮৯ | ৮৮ | ৮৭ | ৮৫ | ৯১ | ৯২ |
| | | [২.৪] অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত পরিদর্শন | [২.৪.১] আদালত পরিদর্শনকৃত | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | ১০ | | | ১২ | ১২ |
| | | [২.৫] অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | [২.৫.১] সুপারিশ বাস্তবায়িত | % | ৩ | | ৮০ | ৮৬ | ৮৪ | ৮২ | ৮০ | | ৮৮ | ৯০ |
| | | [২.৬] অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ আয়োজন | [২.৬.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | সংখ্যা | ২ | ২৪ | ২৪ | ২৭ | ২৬ | ২৫ | ২৪ | ২৩ | ২৮ | ২৯ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY (২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (৩) ভূমি রাজস্ব ব্যবস্থাপনার গতিশীলতা আনয়ন ও দক্ষতা বৃদ্ধিকরণ | ১৬ | [৩.১] বিভাগীয় রাজস্ব সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৩.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৪ | ৮৫ | ৮৭ | ৯০ | ৮৯ | ৮৮ | ৮৭ | ৮৫ | ৯২ | ৯২ |
| | | [৩.২] আপীল/রিভিশন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | [৩.২.১] নিষ্পত্তিকৃত মামলা /রিভিশন | % | ৩ | ৬০ | ৬১ | ৬৪ | ৬৩ | ৬২ | ৬১ | ৬০ | ৬৪ | ৬৫ |
| | | [৩.৩] বিভাগীয় রাজস্ব সমন্বয় সভা অনুষ্ঠান | [৩.৩.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | | | | | ১২ | ১২ |
| | | [৩.৪] ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায় | [৩.৪.১] আদায়কৃত ভূমি উন্নয়ন কর | % | ৩ | ৮০ | ৯০ | ১০০ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৮ | ১০০ | ১০০ |
| | | [৩.৫] ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ এর প্রসার বাড়ানো | [৩.৫.১] ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ | সংখ্যা | ২ | ১২ | ১৫ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | | ২০ | ২০ |
| | | [৩.৬] পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ | [৩.৬.১] পরিদর্শনকৃত অফিস | সংখ্যা | ২ | ৮ | ৯ | ১২ | ১১ | ১০ | ৯ | | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (৪) সেবা প্রক্রিয়ায় তথ্য প্রযুক্তির ব্যবহার ও দক্ষ মানবসম্পদ উন্নয়ন | ১২ | [৪.১] বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য তথ্য-প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সংখ্যা | ৩ | ১৫০ | ১৮০ | ১৯৫ | ১৯০ | ১৮৫ | ১৮০ | ১৭৫ | ১৯০ | ২০০ |
| | | [৪.২] বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৪.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সংখ্যা | ৩ | ১৯০ | ২০০ | ২৩০ | ২২০ | ২১০ | ২০০ | ১৯৫ | ২৩০ | ২৩০ |
| | | [৪.৩] ইনোভেশন সভা | [৪.৩.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ৬ | ৬ | ৬ | | | | | ৬ | ৬ |
| | | [৪.৪] ভিডিও কনফারেন্সিং ও সোশ্যাল মিডিয়া সংলাপ আয়োজন | [৪.৪.১] আয়োজিত ভিডিও কনফারেন্সিং | সংখ্যা | ২ | ৮ | ১২ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১০ | ১৫ | ১৫ |
| | | | [৪.৪.২] আয়োজিত সোশ্যাল মিডিয়া সংলাপ | সংখ্যা | ২ | | | ৫ | ৪ | | | | ৫ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (৫) স্থানীয় সরকার কার্যক্রম জোরদারকরণ | ১২ | [৫.১] জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা | [৫.১.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | [৫.২] জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৫.২.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৪ | ৭৫ | ৭৮ | ৮২ | ৮০ | ৭৯ | ৭৮ | ৭৬ | ৮২ | ৮৩ |
| | | [৫.৩] স্থানীয় সরকার প্রতিষ্ঠান দর্শন/পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ | [৫.৩.১] সংঘটিত দর্শন/পরিদর্শন | সংখ্যা | ২ | ২৪ | ২৪ | ২৪ | ২২ | | | | ২৪ | ২৪ |
| | | [৫.৪] দর্শন/পরিদর্শন কার্যক্রমের সুপারিশ বাস্তবায়ন | [৫ ৪.১] সুপারিশ বাস্তবায়িত | % | ৪ | | ৮০ | ৮৬ | ৮৪ | ৮২ | ৮০ | ৭৮ | ৮৮ | ৯০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (৬) দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ; | ৮ | [৬.১] ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভা অনুষ্ঠান | [৬.১.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ৬ | ৬ | ৬ | | | | | ৬ | ৬ |
| | | [৬.২] ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৬.২.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৪ | ৮৯ | ৯১ | ৯৪ | ৯৩ | ৯২ | ৯১ | ৮৮ | ৯৫ | ৯৬ |
| | | [৬.৩] জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও সক্ষমতা বৃদ্ধিতে অভিজ্ঞতা বিনিময় ও সেমিনার আয়োজন | [৬.৩.১] আয়োজিত সেমিনার | সংখ্যা | ২ | ৩ | ১ | ৪ | ৩ | | | | ৬ | ৬ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| (১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | (১.১) ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | (১.১.১) মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | (১.২) ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | (১.২.১) মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | (১.৩) সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | (১.৩.১) আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | | | | |
| (২) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | (২.১) ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | (২.১.১) ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | (২.১.২) ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | (২.১.৩) ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | (২.২) উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | (২.২.১) ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | (২.৩) সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন | (২.৩.১) হালনাগাদকৃত সিটিজেন্‌স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | (২.৩.২) সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | (২.৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | (২.৪.১) নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | (২.৫) পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | (২.৫.১) পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | (২.৫.২) ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |
| (৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | (৩.১) অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | (৩.১.১) ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | (৩.১.২) অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | (৩.২) স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | (৩.২.১) স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | (৩.২.২) অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | (৩.৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | (৩.৩.১) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| (৪) জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | (৪.১) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | (৪.১.১) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | | | |
| | | (৪.২) নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | (৪.২.১) নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | | | |
| | | (৪.৩) তথ্য বাতায়ন হালনাগাদকরণ | (৪.৩.১) তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ মন্ত্রিপরিষদ সচিব এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................ ২৬/৭/২০১৮

বিভাগীয় কমিশনার — তারিখ

বরিশাল বিভাগ

২৬.০৭.১৮

.............................. ......................

মন্ত্রিপরিষদ সচিব — তারিখ

মন্ত্রিপরিষদ বিভাগ

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ (Acronyms)

১. কাবিখা- কাজের বিনিময়ে খাদ্য

২. কাবিটা- কাজের বিনিময়ে টাকা

৩. টিআর- টেস্ট রিলিফ

৪. ই-ফাইলিং – ইলেক্ট্রনিক ফাইলিং

৫. আইসিটি – ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি

# সংযোজনী-২: কর্ম সম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণী

| ক্র. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | গৃহীত সিদ্ধান্ত বাস্তবানের মাধ্যমে আইন-শৃঙ্খলাসহ বিভিন্ন কাযক্রম ত্বরান্বিতকরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ২. | বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | আন্তঃবিভাগীয় কার্যক্রম ত্বরান্বিতকরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৩. | বিভাগীয় রাজস্ব সম্মেলন | অনুষ্ঠিত সভা | ভূমি ব্যবস্থাপনা, ভূমি উন্নয়ন কর আদায়সহ ভূমি সংক্রান্ত বিষয়াদি নিস্পত্তিকরণ। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৪. | নির্ধারিত সময়ে রিপোর্ট রিটার্ন প্রেরণ | প্রেরিত রিপোর্ট | চাহিত বিভিন্ন কার্যক্রম জরুরিভিত্তিতে নিস্পত্তি করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | পত্র প্রেরণ রেজিস্ট্রার |
| ৫. | বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | আইন-শৃঙ্খলা সমুন্নত রাখা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৬. | চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্স সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | চোরাচালান প্রতিরোধে ভূমিকা রাখা এবং আইন-শৃঙ্খলা সমুন্নত রাখা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৭. | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত পরিদর্শন | অর্জিত প্রমাপ | কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | পরিদর্শন প্রতিবেদন প্রেরণ | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ৮. | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ | প্রশিক্ষণ | কাজের দক্ষতা বৃদ্ধি করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | প্রশিক্ষণসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, সম্মানী প্রদান তালিকা | প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ৯. | ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সঠিকভাবে প্রকল্প গ্রহণ ও সমাপ্তকরণ। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ১০. | জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও সক্ষমতা বৃদ্ধিতে অভিজ্ঞতা বিনিময় ও সেমিনার আয়োজন | আয়োজিত সেমিনার | জননিরাপত্তা নিশ্চিত করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | আয়োজিত সেমিনারের সংখ্যা, অংশগ্রহণকারীদের তালিকা | সেমিনারের রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ১১. | টেস্ট রিলিফ প্রদান | প্রদানকৃত রিলিফ | সুষ্ঠুভাবে রিলিফ বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | প্রদানকৃত রিলিফ এর পরিমাণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত বরাদ্দপত্র |
| ১২. | আপিল / রিভিশন মামলা দ্রুত | নিস্পত্তিকৃত মামলা | জনগণের সুফল নিশ্চিত করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | আপীল / রিভিশন মামলা নিস্পত্তির | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক |

| ক্র. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|
| | নিষ্পত্তিকরণ | /রিভিশন | | | সংখ্যা | প্রেরিত নিষ্পত্তিকৃত মামলার প্রতিবেদন |
| ১৩. | ভূমি উন্নয়ন করের দাবি আদায় | নির্ধারিত দাবি | ভূমি উন্নয়ন কর আদায়ের মাধ্যমে সরকারের রাজস্ব আদায় নিশ্চিতকরণ। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ১৪. | ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ এর প্রসার বাড়ানো | ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ বাড়ানো | ভূমি রাজস্ব আদায় নিশ্চিতকরণ। | আইসিটি শাখা | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | ভূমি ব্যবস্থাপনায় বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের সংখ্যা |
| ১৫. | পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ | পরিদর্শনকৃত অফিস | কাজের দক্ষতা বৃদ্ধিকরণ। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ১৬. | বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য তথ্য-প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | ভূমি ও রাজস্ব প্রশাসনের জটিলতা নিরসন। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | প্রশিক্ষণসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, বক্তাগণের তালিকা | প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ১৭. | ইনোভেশন সভা | অনুষ্ঠিত সভা | ইনোভেশন কার্যক্রম দর্শন করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ১৮. | ভিডিও কনফারেন্সিং ও সোশ্যাল মিডিয়া আড্ডা আয়োজন | আয়োজিত ভিডিও কনফারেন্সিং ও সোশ্যাল মিডিয়া | আয়োজিত ভিডিও কনফারেন্স এর মাধ্যমে যোগাযোগ রক্ষা করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ১৯. | জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন নিশ্চিত করা। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ২০. | পরিদর্শন/দর্শন কার্যক্রম জোরদারকরণ | সংঘটিত পরিদর্শন/দর্শন | দক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ। | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ। | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |

## সংযোজনী-৩: অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় রাজস্ব সম্মেলন নিয়মিতকরণ | প্রতি মাসে রাজস্ব সভা অনুষ্ঠিত | ভূমি রাজস্ব ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি | বিভাগীয় রাজস্ব সম্মেলনে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ব্যাহত |
| বিভাগীয় দপ্তর ও জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় উন্নয়ন কর্মকাণ্ড সমন্বয় জোরদারকরণ | অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা | বিভাগীয় এবং জেলা পর্যায়ে চলমান ও সম্পন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের তথ্যাদি | উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সমন্বয় ও উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি বাধাগ্রস্ত |
| জেলা প্রশাসকের কার্যালয় | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্তের অগ্রগতি | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্তের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন | সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ড দ্রুত বাস্তবায়ন | উন্নয়নমূলক কর্মকাণ্ড দ্রুত বাস্তবায়ন প্রক্রিয়া বিলম্বিত হয়। |
| জেলা প্রশাসকের কার্যালয় | অডিট আপত্তি দ্রুত নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত অডিট আপত্তি | অডিট আপত্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি | দ্রুত অডিট আপত্তি নিস্পত্তিকরণ | অডিট আপত্তি নিস্পত্তি না হলে সরকারের আর্থিক ক্ষতির সম্ভাবনা |
| বিভাগীয় দপ্তর ও জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতকরণ | অনুষ্ঠিত আইন শৃঙ্খলা কমিটির সভা | আইন শৃঙ্খলা প্রতিকার ও প্রতিরোধ সংক্রান্ত তথ্যাদি | সার্বিক আইন শৃঙ্খলা অবস্থার উন্নয়ন | আইন শৃঙ্খলা অবস্থার অবনতি হওয়ার সম্ভাবনা |
| জেলা প্রশাসকের কার্যালয় | মোবাইল কোর্টের কার্যক্রম জোরদারকরণ | প্রেরিত মোবাইল কোর্ট প্রতিবেদন | মোবাইল কোর্টের মাধ্যমে পরিচালিত মামলার সংখ্যা, জেল ও জরিমানার তথ্য | অপরাধ দমনে মোবাইল কোর্টের ভূমিকা ও আইন শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক চিত্র | মোবাইল কোর্টের প্রতিবেদন প্রেরণ বিলম্বিত হওয়া |
| সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা | নির্ধারিত সময়ে রিপোর্ট রিটার্ন প্রেরণ | প্রেরিত রিপোর্ট রিটার্ন | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম ও অগ্রগতি সংক্রান্ত তথ্য | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কাজের তদারকিকরণ ও কাজের মূল্যায়ন | রিপোর্ট প্রেরণে বিলম্ব ও জবাবদিহিতা নিশ্চিত না হওয়া |